

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪১০২(আগরতলা, ১১।২)
সাব্বুম, ১১ ফেব্রুয়ারি, ২০১৯

লালচাঁন পাড়ায় প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

সাব্বুম মহকুমা প্রশাসনের উদ্যোগে গত ৮ ফেব্রুয়ারি পূর্ব জলেফা পঞ্চায়েতের উপজাতি জনপদ লালচাঁন পাড়ায় প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। লালচাঁন পাড়া জে বি স্কুলে অনুষ্ঠিত এই প্রশাসনিক শিবিরে বিধায়ক শংকর রায় উপস্থিত ছিলেন। দক্ষিণ ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন এবং সাব্বুম মহকুমার মহকুমা শাসক বিপ্লব দাস সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকরা সংশ্লিষ্ট এলাকার জনগণের সঙ্গে মত বিনিময় সভা করেন। সভায় পানীয় জল, রাস্তা, স্বাস্থ্য পরিষেবার উন্নয়ন নিয়ে আলোচনা হয়। শিবিরে ১২৪টি এসটি, ১২২টি পি আর টি সি, ৯টি বিবাহ নিবন্ধীকরণ সার্টিফিকেটের আবেদনপত্র গ্রহণ করা হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৬৫ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ দেওয়া হয়।
